# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## ২০১৯-২০ সেশনের শিক্ষার্থীদের জন্য

## বিষয়ঃ- ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র

## অধ্যায়- ব্যবসায় নৈতিকতা ও সামাজিক দায়বদ্ধতা

### নমুনা প্রশ্ন-০১

টেকনাফের হোটেল "সানমুন" সুনামের সহিত ক্রেতাদের খাবার পরিবেশন করে আসছে। মিয়ানমারের শরনার্থী আসার পর তাঁর ভোক্তা বেড়ে যাওয়ার "সানমুন" হোটেল বেশী মুনাফার জন্য নিম্নমানের খাবার অধিক মূল্যে বিক্রয় করা শুরু করেন। এতে হোটেলের সুনাম ক্ষুন্ন হয়। তাই "সানমু" হোটেল কর্তৃপক্ষ তাদের হারানো সুনাম ফিরে পাওয়ার জন্য এৎপর হয়েছে।

ক) নীতিবিদ্যা কী? ১

খ) ধনাত্মক মূল্যবোধ ন্যয় পথে ব্যবসায় পরিচালনার ভূমিকা রাখে-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের "সানমুন" হোটেলে ভোক্তা বেড়ে যাওয়ায় ব্যবসায়ের কোন বিষয়টি লজ্ঞন করেছে-ব্যাখ্যা কর। ৩

ঘ) মূল্যবোধের আক্ষয় পরিহার করার মাধ্যমে "সানমুন" হোটেল হারানো সুনাম ফিরে পেতে পারে"- উক্তিটির যর্থাযর্থতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

### মডেল উত্তর -০১

**১নং প্রঃ উঃ (ক)**

আচরণ, রীতিনীতি, ভালমন্দ অভ্যাস নিয়ে আলোচনা করা হয়, তাকে নীতিবিদ্যা বলে।

**১নং প্রঃ উঃ (খ)**

যে ইতিবাচক মূল্যবোধ মানুষকে ন্যায়, সৎ ও সৎপথে পরিচালিত করে, তাকে ধনাত্মক মূলবোধের বলে।

সাধারণত দীর্ঘদিনের চর্চার ফল প্রতিষ্ঠিত ধ্যান ধারণা, রীতিনীতি ও অভ্যাস মানুষের ব্যবসায়িক আচার আচরণকে প্রভাবিত করে। অর্থাৎ ধনাত্মক মূলবোধ সমৃদ্ধ ব্যক্তির ব্যবসায়ের পরিচালনায় সততা ও সৎপথে চালনা করার প্রয়াস পায়।

তাই বলা হয়, ধনাত্মক মূল্যবোধ ন্যায় পথে ব্যবসায় পরিচালনায় ভূমিক রাখে।

**১নং প্রঃ উঃ (গ)**

উদ্দীপকে "সানমুন" হোটেলে ভোক্তা বেড়ে যাওয়ায় ব্যবসায়ের নৈতিকতার বিষয়টি লজ্ঞন করেছে।

ব্যবসায়ের পরিচালনাগত বাহ্যিক বিষয়ে সঠিক-বেঠিক, ন্যায়-অন্যায় ও উচিত-অনুচিত প্রভৃতি বিষয়ে বিচারের মাপকাঠিতে ব্যবসায়ের নৈতিকতা বলে। সাধারণত যে সমস্ত আচার আচারণ নীতিবোধের পরিচায়ক সে সমস্ত আচার আচরণ মেনে চলার মানসিকতাকে নৈতিকতা বলে। আর ব্যবসায়ের ক্ষেত্রে তার প্রয়োগকে ব্যবসায়ের নৈতিকতা বলে।

এই প্যারায়------উদ্দীপকের বর্ণনা থেকে বেশী মুনাফার জন্য মান কমানো ও অধিক মূল্যের অংশটি সুন্দরভাবে উপস্থাপন করে ব্যবসায়ের নৈতিকতার লঙ্ঘন বুঝিয়ে লিখবে।

এই প্যারায়-------উপসংহার সুচক বাক্য লিখবে।

**১নং প্রঃ উঃ (ঘ)**

কোন বিষয়ে ভালো-মন্দ-সম্পর্কে একান্ত ব্যক্তিগত ও স্থায়ী ধ্যান ধারা ও বিশ্বাসকে মূল্যবোধ বলে।

আর উক্ত মূল্যবোধ পরিহার করে অন্যায় ও অসৎ পথে পরিচালিত হওয়াকে মূল্যবোধের অবক্ষয় বলে। ব্যবসায় পরিচালনাগত বিষয়ে ভালোমন্দ দিক সদস্যকে স্থায়ী ভাবে গড়ে উঠা বিশ্বাস ধ্যান ধারণা, আদর্শ মানদন্ডের বিচ্যুতি আচার আচরণে প্রকাশিত হলে তাকে মূল্যবোধের অবক্ষয় বলে।

এই প্যারায়-----উদ্দীপকে বর্ণনা থেকে মূলবোধের অবক্ষয়ের চিত্রটি তুলে ধরবে।

এই প্যারায়----মূল্যবোধের অবক্ষয় পরিহার করার চিত্রটি সুন্দরভাবে বিশ্লেষণ করে লিখবে।

এই প্যারায়----পরিসমাপ্তি বাক্য লিখবে।

## নমুনা প্রশ্ন-০২

"ক" লিমিটেড কোম্পানী দেশের প্রচলিত আইনকানুন রীতিনীতি ও বিধি নিষেধ মেনে ব্যবসায় পরিচালনা করার মাধ্যমে -------কর সমূহ পরিশোধ করে থাকে। ফলে দেশের সর্বোচ্চ করদাতা হিসেবে সুনামের অধিকারী হয়।
"খ" লিমিটেড কোম্পানী তাদের উপস্থিত মূনাফা থেকে প্রতিবছর গরীব ও মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের মাধ্যমে শিক্ষারমানোন্নয়নে ভূমিকা রাখে। প্রতিষ্ঠানটি এলাকার -- স্বাস্থ্য সুরক্ষা ও খেলাধুলা সহ শিল্প সংস্কৃতি বিকাশে উল্লেখযোগ্য ভূমিকা রাখে। ফলশ্রুতিতে উক্ত কোম্পানির সুনাম ও মূনাফা বৃদ্ধি সহজ হয়।

ক) সামাজিক দায়িত্ব কী?

খ) ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা জনকল্যানমূখী কার্যক্রম – ব্যাখ্যা কর।

গ) উদ্দীপকে "ক" লিমিটেড ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতার কোন ক্ষেত্রটি প্রকল্পিত হয়েছে ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকে "খ" লিমিটেডের কার্যক্রম যে ধরনের ব্যবসায়ের দায়বদ্ধতার ক্ষেত্র হিসেবে বিবেচিত, তা সুনাম ও মূনাফা বৃদ্ধিতে ভূমিকা রাখে–বিশ্লেষন কর।

**২নং প্রঃ উঃ (ক)**

সামাজিক দায়িত্বঃ সমাজের বিভিন্ন পক্ষ বা গোষ্ঠির প্রতি প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে উপকার, সহযোগিতা বা সুযোগ সুবিধা প্রদান করাকে সামাজিক দায়িত্ব বলে।

**২নং প্রঃ উঃ (খ)**

সমাজে বিদ্যমান বিভিন্ন পক্ষ যেমন ভোক্তা, বিনিয়োগকারী, সমাজ ও রাষ্ট্র প্রভৃতির প্রতি ব্যবসায়কে অপরিহার্যভাবে যে দায়িত্ব ও কর্তব্য পালন করতে হয় তাকে ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা বলে।

সমাজের মূল উপাদান মানুষ। বই মানুষের উপকারের জন্য ব্যবসায় সংকট সমূহ যে অপরিহার্য দায়িত্ব পালনে বাধ্য তাহাই ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা। বই দায়িত্ব বা দায়বদ্ধতা অবশ্যই জনকল্যানকর । জনহিতকর কর্মসূচিই বস্তুত ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতার অংশ

তাই বলা হয় ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতামূলক কার্যক্রম জনকল্যানমুখী।

**২নং প্রঃ উঃ (গ)**

উদ্দীপকে "ক" লিমিটেডে ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতার সরকারের প্রতি দায়িত্ব – ক্ষেত্রটি প্রকাশিত হয়েছে।

ব্যবসায়ের প্রধান পৃষ্ঠপোষক সরকার, সরকার প্রনীত আইনকানুন, নিয়মাবলী ও নীতিমালার ভিত্তিতে ব্যবসায় পরিচালিত হয়। সুষ্ঠ ব্যবসায় পরিচালনা সরকার বিভিন্ন দায়িত্ব পালন করে থাকে। তদ্রুপ সরকারের কর,রাজস্ব,ভ্যাট ও নীতি প্রনয়নে সহযোগীতা ইত্যাদির মাধ্যমে ব্যবসায়কে যে দায়িত্ব পালন করতে হয় তাহাই সরকারের প্রতি দায়িত্ব।

এই প্যারায়-– উদ্দীপকের বর্ননা থেকে প্রয়োজনীয় অংশ উদৃত করবে।

এই প্যারায় উপসংহার বাক্য লিখবে।

**২নং প্রঃ উঃ (ঘ)**

উদ্দীপকে "খ" লিমিটেডের কার্যক্রমে সমাজের সাধারন জনগনের প্রতি দায়িত্বের ক্ষেত্রটি বিবেচিত হয়েছে।

সাধারনত সমাজের মানুষের প্রতি বা বিভিন্ন সামাজিক, সংস্কৃতিক, ক্রিড়া ও শিক্ষামূলক কর্মসূচীর মাধ্যমে ব্যবসায়ের দায়িত্ব পালনই সমাজের জনগনের প্রতি সামাজিক দায়িত্ব। এই দায়িত্ব পালনে সমাজের বিভিন্ন কার্যক্রমের সুচনা ও সফলতা নিহিত থাকে।

এই প্যারাই – উদ্দীপকের বর্ননা থেকে প্রয়োজনীয় অংশ উপস্থাপন করবে।

এই প্যারাই – সমাজের প্রত্যক্ষ উপকারে আসা "খ" লিমিটেডের কার্যক্রমে জনসাধারনের অংশগ্রহন বেশী হওয়ায় এতে, সুনাম ও মূনাফা বৃদ্ধি প্রভাবিত হয়। এই ভাবে বিশ্লেষনটি বাক্য দিয়ে সাজিয়ে লিখবে।

এই প্যারায়– পরিসমাপ্তি বাক্য লিখবে।

## নমুনা প্রশ্ন-০৩

চাক্কাই পাড়ে একটি সাবান ফ্যাক্টরী বহুকাল ধরে প্রতিষ্ঠিত। উক্ত ফ্যাক্টরীর বর্জ্য চাক্কাই খালের মাধ্যমে কর্নফুলী নদীতে এসে পড়ে যা পরে বঙ্গোপসাগরে গিয়ে মিশে। বর্তমানে পরিবেশ দূষনের হাত থেকে প্রকৃতিকে বাচানোর জন্য বনিক সমিতি সরকারের সহায়তায় কর্মসূচি হাতে নিয়েছে। এরই ফলশ্রুতিতে উক্ত সাবান ফ্যাকটরীর মালিক সমিতি কর্তৃক প্রনীত নীতিমালা মেনে কার্যক্রম গ্রহন করেছে। তাই সরকার উক্ত ফ্যাক্টরীকে পুরষ্কার প্রদানের সিদ্ধান্ত নিয়েছে।

ক) পরিবেশ দূষণ কী? ১

খ) বায়ু কিভাবে দূষিত হয়-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে সাবান ফ্যাক্টরীটি কোন প্রকারের দূষণ সৃষ্টিতে ভূমিকা রাখছে-ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে সাবান ফ্যাক্টরীটির পরিবেশ সংরক্ষণ কার্যক্রম অন্য ফ্যাক্টরীটির জন্য একটি অনুকরণীয় দৃষ্টান্ত- তুমি একমত- বিশ্লেষণ কর। ৪

**৩নং প্রঃ উঃ (ক)**

পরিবেশ দূষণ ঃ প্রকৃতির বিভিন্ন উপাদানের সাথে জীবনের যে স্বাভাবিক ভারসাম্য বিদ্যমান কোন কারণে তা নষ্ট হলে বা তাতে কোন নেতিবাচক প্রভাব পড়লে, তাকে পরিবেশ দূষণ বলে।

**৩নং প্রঃ উঃ (খ)**

প্রাকৃতিক স্বাভাবিক উপাদানের বাইরে বায়ুকে যখন ধোঁয়া, গ্যাস, ধুলাবালিসহ নানা ক্ষতিকারক উপাদান মিশে, তখন তাকে বায়ু দূষণ বলে।

ইটের ভাটা, যানবাহন, ফ্যাক্টরী ধোঁয়া, প্রতিদিন নষ্ট করে। চারিদিক থেকে মানব সৃষ্ট এই সব বিভিন্ন ধরনের ধোঁয়ার ফলে বায়ুর মূল উপাদানের সাথে দূষিত উপাদান মিশে বায়ুকে দূষণীয় করে তোলে। যার ফলে বৈশ্বিক উষ্ণতা সহ বিভিন্ন প্রাকৃতিক প্রতিক্রিয়া সৃষ্টি হয় ও মানব জাতির জন্য হুমকি।

**৩নং প্রঃ উঃ (গ)**

উদ্দীপকের সাবান ফ্যাক্টরীটি পানি দূষণ সৃষ্টিতে ভূমিকা রাখে।

পানির স্বাভাবিক প্রাকৃতিক উপাদানের বাইরে বিভিন্ন ধরনের ক্ষতিকারক উপাদান মিশে পানিকে ব্যবহারের অনুপযোগি করে তোলে, তাকে পানি দূষণ বলে। শিল্প বর্জ্য, মানব সৃষ্টি বর্জ্য, বিভিন্ন রাসায়নিক উপাদান পানিতে মিশে পানিকে দূষিত করে তোলে।

এই প্যারায়---- উদ্দীপকের বর্ণনা থেকে তথ্য চাক্তাই খালের তথা কর্ণফুলীর পানি দূষণ অংশ উদৃত করবে।

এই প্যারায়---- উপসংহার বাক্য লিখবে।

**৩নং প্রঃ উঃ (ঘ)**

হ্যাঁ সাবান ফ্যাক্টরীর পরিবেশ সংরক্ষণ কার্যক্রম অন্য ফ্যাক্টরীর জন্য অনুকরণীয় দৃষ্টান্ত -আমি একমত।

নানা কারণে পরিবেশের স্বাভাবিক উপাদানগুলো তারতম্য সৃষ্টি মাধ্যমে পরিবেশ যে ভাবে দূষিত হয়, তার থেকে পরিক্রমের লক্ষ্যে পরিবেশের স্বাভাবিকতা ফিরিয়ে আনার প্রয়োজনীয় কার্যক্রমকে পরিবেশ সংরক্ষণ বলে। পরিবেশ দূষণের হাত থেকে পরিবেশ রক্ষায় পরিবেশ সংরক্ষণ করা অতীব জরুরী।

এই প্যারায়-----উদ্দীপকের বর্ণনা থেকে পরিবেশ সংরক্ষণ সম্পর্কিত অংশ উদৃত করবে।

এই প্যারায়------এই পরিবেশ সংরক্ষণের সুফল নিজে ও অন্যের জন্য যে কতটা জরুরী তা বিশ্লেষণ করে লিখবে।

এই প্যারায়------পরিসমাপ্তি বাক্য লিখবে।

## নমুনা প্রশ্ন-০৪

চকবাজারে খুচরা ফল ব্যবসায়ী আবু বিভিন্ন ধরনের ফল বিক্রয় করে। তাঁর অধিকাংশ ফল প্রতিদিন বিক্রয় হয় না, আবার বেশিদিন থাকলে পঁচে যায়। এই সমস্যা থেকে পরিত্রাণের জন্য তিনি একটি ক্ষতিকারক রাসায়নিক ব্যবহারের চিন্তা ভাবনা করছেন। অন্যদিকে দিনের শেষে তার ব্যবসায়ের সব বর্জ্য পরিথিনে ভরে সে ডাস্টবিনে ফেলে দিয়ে আসে। কিন্তু এর ফলে প্রাকৃতিক পরিবেশে দূষণের কথা একবারও চিন্তা করেনা।

ক) ফল পাকানোর জন্য কোন রাসায়নিক ব্যবহার করা হয়? ১
খ) খাদ্য উৎপাদন বৃদ্ধিতে কাল্টার এর প্রভাব-ব্যাখ্যা কর। ২
গ) উদ্দীপকে ফলব্যবসায়ী আবু কোন রাসায়নিক ব্যবহারের চিন্তা করছেন-ব্যাখ্যা কর। ৩
ঘ) "বর্তমানে পলিথিনের কারণে মাটি দূষণের মাত্রা অধিক হারে বৃদ্ধি পেয়েছে"-উক্তিটি কী যথার্থ? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

### ৪নং প্রঃ উঃ (ক)

ফল পাকানোর জন্য ক্যালসিয়াম কার্বাইড ব্যবহার করা হয়।

### ৪নং প্রঃ উঃ (খ)

গাছে স্প্রে কবার হরমোন জাতীয় রাসায়নিক পদার্থকে কাল্টার বলে।

বর্তমানে উদ্ভিদ বিজ্ঞানের উন্নতিতে কাল্টার ব্যবহারের মাধ্যমে ফল উৎপাদন বৃদ্ধি বহুল ভাবে প্রচলিত। ক্রমবর্ধমান চাহিদার সাথে উৎপাদিত খাদ্য সামগ্রীর উৎপাদন বৃদ্ধির জন্য বহু ধরনের প্রক্রিয়ার মধ্যে কাল্টার একটি বহুল সমাদৃত ব্যবস্থা এর ফলে াগছের প্রয়োজনয়ি শক্তি ও উৎপাদন ক্ষমতা এ ফসলের আকার বৃদ্ধি প্রাপ্ত হয়।

### ৪নং প্রঃ উঃ (গ)

উদ্দীপকে ফল ব্যবসায়ী আবু ক্ষতিকর রাসায়নিক ফরমালিন ব্যবহারের চিন্তা করছেন।

খাদ্যদ্রব্য ফলমূল এর পচনশীলতা রোধ করার জন্য ফরমালডিহাইড বা মিহানল নামক বিষাক্ত রাসায়নিক যৌগকে ফরমালিন বলে। বর্তমান অসাদু পচনশীল দ্রব্যের ব্যবসায়ীরা এর যথেষ্টা ব্যবহার করে মানব যাবতীয় ক্ষতি করলেও লিপ্ত।

এই প্যারায়------ উদ্দীপকের বর্ণনা থেকে প্রয়োজনীয় অংশ উদৃত্ত করে লিখবে।
এই প্যারায়------ সমাপ্তি সূচক বাক্য লিখবে।

### ৪নং প্রঃ উঃ (ঘ)

হ্যাঁ উক্তিটি যথার্থ, বর্তমানে পলিথিনের কারণে মাটি দূষণের মাত্রা অধিক হারে বৃদ্ধি পেয়েছে।

মাটির স্বাভাকি প্রাকৃতিক উপাদানের বাইরে বিভিন্ন ক্ষতিকারক উপাদানের মিশ্রণ এবং মাটির স্বাভাবিক কার্যক্রম ব্যহত করার প্রতিদানই সূচিদূষণ। মাটি দূষণের ফলে প্রকৃতির উপরিভাবে যে ব্যাপক ক্ষতি হয় তার ফলে অনেক ধরনের সমস্যা সৃষ্টি হয়। আবার অস্তিত্ব রক্ষায় মাটি দূষণ বন্ধকরা অপরিহার্য।

এই প্যারায়-----উদ্দীপকের বর্ণনা থেকে প্রয়োজনীয় অংশ উদৃত করবে।

এই প্যারায়-----বর্তমানের পলিথিনের যথেষ্ট ব্যবহার সৃস্ট মাটি দূষণের প্রভাব বিশ্লেষণ করে বর্ণনা করবে।

এই প্যারায়---- পরিসমাপ্তি বাক্য লিখবে।